Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 26 June, 2025

জাতীয় ও স্থানীয় নির্বাচন সামনে রেখে দলের রাজনৈতিক ও সাংগঠনিক কর্মকৌশল নির্ধারণে বিশেষ বর্ধিত সভা ডেকেছে গণঅধিকার পরিষদ।আগামীকাল শুক্রবার রাজধানীর ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হবে।

বৃহস্পতিবার গণমাধ্যমে পাঠানো এক বার্তায় দলটির উচ্চতর পরিষদ সদস্য ও গণমাধ্যম সমন্বয়ক আবু হানিফ এ তথ্য নিশ্চিত করেন।

সভায় সভাপতিত্ব করবেন গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর।

তিনি বলেন, "চলমান রাজনৈতিক প্রেক্ষাপটে দল ও অঙ্গসংগঠনের নেতাদের সঙ্গে আলোচনা করে আগামী দিনের নির্বাচনমুখী কৌশল নির্ধারণ করা হবে।"

তৃণমূলের মতামতই হবে ভিত্তি

বার্তায় জানানো হয়, বিশেষ এই সভার মূল লক্ষ্য হলো তৃণমূল নেতাদের নির্বাচনী ভাবনা ও মতামত শোনা।স্থানীয় নেতাদের মতামতের ভিত্তিতেই জাতীয় ও স্থানীয় নির্বাচন নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে গণঅধিকার পরিষদ।

সভায় আলোচনায় উঠে আসবে–

দল এককভাবে নির্বাচন করবে নাকি জোট গঠন করবে

## ৩০০ আসনে আগেই ঘোষিত প্রস্তুতির অগ্রগতি

## তৃণমূলের বাস্তব অভিজ্ঞতা ও কৌশল

## ৩০০ আসনে প্রস্তুতির নির্দেশনা আগেই

এর আগে গণঅধিকার পরিষদ তৃণমূলে ৩০০ আসনে নির্বাচন করার জন্য প্রস্তুতি নেওয়ার নির্দেশ দিয়েছিল।সে অনুযায়ী জেলা পর্যায়ের নেতাকর্মীরা প্রস্তুতি নিচ্ছেন বলে জানা গেছে।

আইডিইবি নুরুল হক নুর গণঅধিকার পরিষদ,নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:51

URL: https://timestodaybd.com/politics/3740775807